

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ইউনিট (পিআইইউ)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩টি আঞ্চলিক অফিস স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

স্মারক নং-জাতীয়বিঃ/পউ/আঞ্চ-৩/২৩/২০১৯/৩৫২

তারিখ: ২১ চৈত্র ১৪২৮  
০৪ এপ্রিল ২০২২


## নিয়োগ বিজ্ঞপ্তি

“জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩টি আঞ্চলিক অফিস স্থাপন (১ম সংশোধিত)” প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে প্রকল্প মেয়াদে মাসিক সাকুল্য বেতনে নিম্নবর্ণিত বিবরণ ও শর্তানুযায়ী জনবল নিয়োগের উদ্দেশ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	বয়স	মোট সাকুল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০	০১ (এক) টি	২১-৩০ বছর	২৫,৫০০/=	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা: তবে শর্ত থাকেযে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; খ) সংশ্লিষ্ট বিষয়ে ও কম্পিউটার চালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে।

### আবেদনের শর্তাবলীঃ

- ১। অগ্রহী প্রার্থীদের সহস্বে লিখিত আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ২৮.০৪.২০২২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, “জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩টি আঞ্চলিক অফিস স্থাপন (১ম সংশোধিত)” প্রকল্প, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে;
- ২। আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ নাম (বাংলা ও ইংরেজিতে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ), স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে), জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করিতে হইবে;
- ৩। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি, স্থানীয় চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে;
- ৪। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য;
- ৫। চাকরীরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে;
- ৬। খামের উপর প্রকল্পের নাম ও আবেদনকৃত পদের নাম উল্লেখ করিতে হইবে;
- ৭। প্রার্থীদের পরীক্ষা/নির্বাচনী বোর্ডের তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্রমারফত/SMS এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না;
- ৮। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে;
- ৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুলতথ্য সম্বলিত অথবা বিলম্বপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
4/9/22  
(সুমন চক্রবর্তী)  
প্রকল্প পরিচালক।

স-৮৭৫ (৮×৩)